বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার পত্র নং-২৯ তারিখঃ ১০ নভেম্বর, ২০২১

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস ।

প্রিয় মহোদয়,

**অনিবাসী ব্যক্তি কর্তৃক প্রদত্ত সেবার বিপরীতে উৎসে মূসক কর্তন বিবরণী দাখিল প্রসঙ্গে**

শিরোনামোক্ত বিষয়ে এফই সার্কুলার পত্র নং-২১/২০২১ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। আলোচ্য সার্কুলারপত্রে Facebook, Google ও Amazon এবং এ ধরণের অনিবাসী ব্যক্তি কর্তৃক প্রদত্ত সেবার বিপরীতে সাধারণ প্রাধিকারের আওতায় কিংবা বাংলাদেশ ব্যাংকের বিশেষ অনুমতি সাপেক্ষে বিদেশে প্রেরিত রেমিট্যান্সের উপর উৎসে কর্তিত মূসকের হিসাব বিবরণী অনুমোদিত ডিলার ব্যাংকের প্রধান কার্যালয়ের মাধ্যমে পরবর্তী মাসের ৭ দিনের মধ্যে সদস্য (মূসক নীতি), জাতীয় রাজস্ব বোর্ড ও সংশ্লিষ্ট মূসক এজেন্ট বরাবরে প্রেরণ করার জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া হয়।

০২। জাতীয় রাজস্ব বোর্ডের সাম্প্রতিক সিদ্ধান্ত অনুযায়ী মূসকের নির্ধারিত হিসাব বিবরণী সদস্য (মূসক নীতি), জাতীয় রাজস্ব বোর্ড এর পরিবর্তে কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট ঢাকা (দক্ষিণ), আইডিইবি ভবন, ১৬০/এ, কাকরাইল, ঢাকা এর নিকট প্রেরণের জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

অনুগ্রহপূর্বক বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(কাজী রফিকুল হাসান)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১২৩